



নম্বর: ০৫.৪১.৬৭০০.৬০১.৩৫.০০১.২১- ১৩৭৯

তারিখ: ১২ কার্তিক ১৪২৮
০৪ অক্টোবর ২০২১


আদেশ

বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৪০ নং পরিপত্র-১ এর ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১১ নভেম্বর ২০২১ তারিখ নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ, বন্দর ও নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন মোট ১৬ (ষোল) টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন-২০২১(২য় ধাপ) অনুষ্ঠিত হবে; বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার ২৬ অক্টোবর ২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৪০২ নং স্মারক পত্র এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৭ জুন ২০২১ তারিখের ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০২১-১৪৯ নং পরিপত্রের প্রেক্ষিতে উক্ত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১০ নভেম্বর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১১ নভেম্বর ২০২১ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্রাক	(২) পিক আপ
-----------	------------

২। সে সাথে ০৯ নভেম্বর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১২ নভেম্বর ২০২১ তারিখ সকাল ০৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমনঃ এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক(Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।


মোস্তাইন বিল্লাহ
জেলা ম্যাজিস্ট্রেট
নারায়ণগঞ্জ

ফোন: ০২-৭৬৪৬৬৪৪

ই-মেইল: dcnarayanganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.৬৭০০.৬০১.৩৫.০০৩.১৮- ১৩৭৯

তারিখ: ১২ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

০৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

- অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ০১। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ (উক্ত আদেশ কার্যকরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ০২। অধিনায়ক, নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন, ৬২ বিজিবি, নারায়ণগঞ্জ।
 - ০৩। অধিনায়ক, র্যাব-১১, আদমজী, নারায়ণগঞ্জ।
 - ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
 - ০৫। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ/বন্দর/নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ(আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ০৬। উপপরিচালক, এনএসআই/ডিজিএফআই, নারায়ণগঞ্জ।
 - ০৭। জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ (আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ০৮। সহকারী কমিশনার (ভূমি), রূপগঞ্জ/বন্দর/নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
 - ০৯। স্টেশন কমান্ডার, কোস্টগার্ড, পাগলা, নারায়ণগঞ্জ (আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ১০। জনাব, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
 - ১১। উপজেলা অফিসার ও রিটার্নিং অফিসার, রূপগঞ্জ/বন্দর/নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ (আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ১২। ডি আই ও-১, নারায়ণগঞ্জ।
 - ১৩। রিজার্ভ ইন্সপেক্টর, পুলিশ লাইনস, নারায়ণগঞ্জ।
 - ১৪। ট্রাফিক ইন্সপেক্টর, নারায়ণগঞ্জ।
 - ১৫। অফিসার ইনচার্জ, রূপগঞ্জ/বন্দর/নারায়ণগঞ্জ সদর/ফতুল্লা/সিদ্ধিরগঞ্জ থানা, নারায়ণগঞ্জ।
 - ১৬। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ (আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ১৭। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
 - ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নারায়ণগঞ্জ (আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ১৯। সম্পাদক, পত্রিকা, নারায়ণগঞ্জ (আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
 - ২০। অফিস কপি।

২
৫৪/১৭/২১
জেলা ম্যাজিস্ট্রেট
নারায়ণগঞ্জ
২৫